

## নির্দিষ্ট NYC স্বাস্থ্য বিভাগের লঙ্ঘনের জন্য দেওয়ানী শাস্তি এড়ানো: নির্দিষ্ট লঙ্ঘনগুলি কীভাবে "নিরাময়" করা যায় সেই সম্পর্কে শিশু যত্ন (Child Care) প্রোগ্রামগুলির জন্য একটি নির্দেশিকা

অনুগ্রহ করে মনে রাখবেন এই নথির অনূদিত সংস্করণ অনলাইনে আপনার রেফারেন্সের জন্য উপলব্ধ। লঙ্ঘনগুলি নিরাময় করতে, অনুগ্রহ করে ফর্মগুলি ইংরেজিতে পূরণ করুন।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর এবং মানসিক স্বাস্থ্য বিভাগের (New York City Department of Health and Mental Hygiene) (NYC স্বাস্থ্য দপ্তর) দ্বারা ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য জারি করা প্রথমবারে ঘটে কিছু লঙ্ঘন "নিরাময়" করা যেতে পারে। একটি লঙ্ঘন নিরাময় করতে, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানকে অবশ্যই সেই শর্তটি সংশোধন করতে হবে যার জন্য তারা একটি সমন পেয়েছেন এবং NYC স্বাস্থ্য বিভাগে প্রমাণ জমা দিতে হবে। যদি NYC স্বাস্থ্য বিভাগ সিদ্ধান্ত নেয় যে ব্যবসায়িক প্রতিষ্ঠানটি শর্তটি সংশোধন করেছে, তবে ব্যবসায়িক প্রতিষ্ঠানটি বিরুদ্ধে কোন দেওয়ানী জরিমানা (আর্থিক জরিমানা) করা হবে না।

### কোন লঙ্ঘনগুলি নিরাময় করা যেতে পারে?

এই নথিতে তালিকাভুক্ত করা লঙ্ঘনগুলি নিরাময় করা যেতে পারে।

### প্রথমবার লঙ্ঘন কি?

প্রথমবার লঙ্ঘন হল একটি লঙ্ঘন যা হল:

- 6 মার্চ, 2023 বা তার পরে উদ্ধৃত করা হয়েছে
- NYC প্রশাসনিক বিচার এবং শুনানির কার্যালয় ওথ (Office of Administrative Trials and Hearings, OATH) এ মূলতুবি বা বহাল রাখা হয়নি বা অনুপস্থিত করা হয়নি

### লঙ্ঘন নিরাময়ের জন্য আমাকে কী জমা দিতে হবে?

নিশ্চিতকরণ ফর্মটি সম্পূর্ণ করুন এবং পরিদর্শনের তারিখের থেকে **সাতটি ক্যালেন্ডার দিনের** মধ্যে আপনার প্রথম-বারের লঙ্ঘন নিরাময়ের প্রমাণ জমা দিন (যা আপনার সমনগুলিতে লেখা আছে)। যদি আপনার লঙ্ঘনটি কর্মক্ষেত্রে ধোঁয়া-মুক্ত বায়ু আইনের নীতি (Smoke-Free Air Act Policy) স্পষ্টভাবে পোস্ট করতে ব্যর্থ হয়, তাহলে পরিদর্শনের পর আপনার নিরাময়ের প্রমাণ অবশ্যই **30 টি ক্যালেন্ডার দিনের** মধ্যে জমা দিতে হবে।

### আমাকে আমার নিশ্চিতকরণ ফর্ম কোথায় জমা দিতে হবে?

আপনি আপনার নিশ্চিতকরণ ফর্ম ইমেল করতে পারেন বা ব্যক্তিগতভাবে জমা দিতে পারেন। বিস্তারিত জানার জন্য এই নথির নিম্নলিখিত বিভাগগুলি দেখুন।

## আমি কীভাবে জানব যে NYC স্বাস্থ্য বিভাগ আমার প্রমাণ গ্রহণ করেছে এবং আমার কোন জরিমানা হবে না?

আপনার জমা করা নথি গৃহীত হলে এবং লঙ্ঘন নিরাময় হলে NYC স্বাস্থ্য বিভাগ আপনাকে লিখিতভাবে তা অবহিত করবে। যখন লঙ্ঘনটি নিরাময় করা হবে এবং কোন জরিমানা থাকবে না তখন NYC স্বাস্থ্য বিভাগও OATH-কে সেটি জানাবে।

যদি NYC স্বাস্থ্য বিভাগ আপনার প্রমাণ প্রত্যাখ্যান করে, আপনি OATH-এর কাছে আবেদন করতে পারেন।

## লঙ্ঘন নিরাময় করার লাভ কী যদি তা আপনার বেকর্ডে থাকে?

আপনাকে প্রথমবার লঙ্ঘনের জন্য কোনো জরিমানা দিতে হবে না।

## শিশু যত্ন প্রোগ্রামের জন্য কোন লঙ্ঘনগুলি নিরাময়যোগ্য?

নিম্নলিখিত টেবিলটি দেখায় যে কোন লঙ্ঘনগুলি শিশু যত্ন প্রোগ্রামগুলির ক্ষেত্রে নিরাময়যোগ্য:

আইনের বিধান যা লঙ্ঘন করা হয়েছে	বর্ণনা
NYCHC 47.73(b)(2) অ্যাডমিন। কোড 17-1303	শিশু যত্ন পরিদর্শনের তথ্যের উপলব্ধতা পোস্ট করা হয়নি

## শিশু যত্ন প্রোগ্রামগুলি কিভাবে তাদের নিশ্চিতকরণ ফর্ম জমা দেবে?

আপনি আপনার নিশ্চিতকরণ ফর্ম ইমেল করতে পারেন বা ব্যক্তিগতভাবে জমা দিতে পারেন। আপনার নিশ্চিতকরণ ফর্ম এবং কোনো ছবি বা নথি জমা দিতে:

- ইমেলের মাধ্যমে, তাদের [childcareinfo@health.nyc.gov](mailto:childcareinfo@health.nyc.gov)-এ পাঠান। বিষয় লাইনে "নিরাময়ের প্রমাণ – সমন / \[ডকেট নম্বর]" ("Proof of Cure – Summons / \[Docket number]") লিখুন।
- ব্যক্তিগতভাবে, তাদের আপনার মনোনীত বরো অফিসে নিয়ে আসুন (ঠিকানা এবং যোগাযোগের তথ্যের জন্য [nyc.gov/assets/doh/downloads/pdf/dc/cc-boro-offices-gcc.pdf](http://nyc.gov/assets/doh/downloads/pdf/dc/cc-boro-offices-gcc.pdf) এ যান)

NYC স্বাস্থ্য বিভাগে কোনো মিথ্যা বিবৃতি জমা দিলে NYC স্বাস্থ্য কোড এবং অন্যান্য প্রযোজ্য আইন লঙ্ঘনের জন্য জরিমানা করা হতে পারে। লঙ্ঘন কোডগুলি বুঝতে বা উপযুক্ত ফর্মগুলি পূরণ করতে সাহায্য করার জন্য ব্যাখ্যা বা অনুবাদ সহায়তার জন্য, অনুগ্রহ করে 646-632-6100 নম্বরে কল করুন।